

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

জরুরি  
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১১

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

দেশের সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০৯ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। ০৯ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের উত্তরপশ্চিমাঞ্চলের কোথাও কোথাও ও নদী অববাহিকায় মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৮.৫	২৮.২	৩০.৪	২৯.১	২৮.০	২৮.০	২৮.৪	২৯.১
সর্বনিম্ন তাপমাত্রা	১৩.৫	১৩.৫	১৩.০	১১.০	১১.০	১০.০	১২.৩	১৩.০

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সন্দ্বীপ ৩০.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১০.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৪। অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ০৮ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	১

২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৭	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৮	০	০
৮।	খুলনা	২	০	০
	মোট	৩২	০	১

#### উল্লেখযোগ্য অগ্নিকাণ্ডঃ

ঢাকাঃ জেলা প্রশাসন, ঢাকা থেকে প্রাপ্ত তথ্য মতে জানা যায়, গতকাল ভোর ৪.৪০ ঘটিকায় কাপ্তান বাজারস্থ কাঁচা বাজারে একটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডের খবর পেয়ে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে প্রায় দুই ঘণ্টার চেষ্টায় সকাল ৬.২০টায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডের ফলে বাজারের ৫৮টি দোকান সম্পূর্ণ পুড়ে গেছে। অগ্নিকাণ্ডে মোঃ ইয়াছিন (২১), পিতা- জংগু মিয়া, গ্রাম- সুধি, থানা- করিমগঞ্জ, জেলা- কিশোরগঞ্জ নামে একজন দোকান কর্মচারী নিহত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে মৃত ব্যক্তির পরিবারকে তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

#### ট্রলার ডুবঃ

নারায়নগঞ্জঃ জেলা প্রশাসন, নারায়নগঞ্জ থেকে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, গত ৪/০১/২০২২খ্রিঃ তারিখ সকাল ৮টায় নারায়নগঞ্জ জেলার এনায়েত নগরের ধর্মগঞ্জ গুদারা ঘাট থেকে একটি ট্রলার নদী পাড়াপাড়ের সময় ভোলা থেকে আগত একটি লঞ্চের সংগে ধাক্কা লেগে ডুবে যায়। ট্রলারটি উদ্ধারের কার্যক্রম চলমান রয়েছে।

#### ৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

০৯/০১/২০২২ খ্রিঃ তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বন্যা, নদী ভাংগন/ঘূর্ণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ এবং শীতাত্ত শিশুদের অপুষ্টি মোকাবিলায় শিশু খাদ্য ক্রয়পূর্বক বিতরণের লক্ষ্যে দেশের ৬৪টি জেলায় মোট ২,৭৯,৬৬,০০০/- (দুই কোটি উনআশি লক্ষ ছেষটি হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০৯/০১/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নেগদ অর্থ)	৯৮,০০,২৫,০০০/- (আটানব্বই কোটি পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১১০৫২৬২১৫১১/- (এক হাজার একশত আট কোটি পঁচ লক্ষ সাতাশি হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬৯,১১৮.৫১ (এক লক্ষ উনসত্তর হাজার একশত আঠার দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচাত্তর বিয়াল্লিশ) মেঃ টন	৬১৩,৬৬০.৫১ (ছয় লক্ষ তের হাজার ছয়শত ষাট দশমিক পাঁচ এক) মে: টন

৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট
৫	ঢেউটিন	২,২১২ বান্ডিল	৩১,৮০০ বান্ডিল	৩৪,০১২ বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৬৬,৩৬,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- টাকা	১০,২০,৩৬,০০০/- টাকা
৭	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টন	-	৭০০ কার্টন

৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০৬/০১/২০২২ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	৩,৩৪,৭১৫ টি	১২,৩০৪ টি	৩,৪৭,০১৯ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৬,৬১,৯৩৪ জন	৫৯,৮৯৭ জন	১৬,২১,৮৩১ জন

৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



৯-১-২০২২

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১১/১(১৭১)

তারিখ: ২৫ পৌষ ১৪২৮  
০৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৯-১-২০২২

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা